নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৫/২২২৩ ৩১ জুলাই ২০২৫

## নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, স্বাস্থ্য ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা সৃষ্টি, ক্রীড়া, বিশ্বের নানা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে (নোবিপ্রবি) উপহার হিসেবে পূবালী ব্যাংক পিএলসি একটি অ্যাম্বুলেন্স প্রদান করেছে। মঙ্গলবার (১ জুলাই ২০২৫) সকাল ১১ টায় বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে অ্যাম্বুলেন্স হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পূবালী ব্যাংক পি.এল.সি এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ আলী।




২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে 'ক্যানসার অ্যাওয়ারনেস ক্যাম্পেইন' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৩ জুলাই ২০২৫) বাংলাদেশ ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কো (BNCU) ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের আয়োজনে এবং নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফলিত গণিত বিভাগের ১০ম ব্যাচের বিদায় অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার (০৮ জুলাই ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষার্থীদের ওপর দুর্বৃত্তদের হামলার ঘটনায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে প্রতিবাদ ও নিন্দা জ্ঞাপন করা হয়েছে। এমন ঘটনায় দোষীদের আইনের আওতায় এনে দ্রুত বিচারের দাবি জানানো হয়েছে। রোববার (১৩ জুলাই ২০২৫) এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল জানান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা জাতির শ্রেষ্ঠ সন্তান। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এবং ক্যাম্পাসের বাহিরে সর্বত্র তাদের নিরাপত্তা নিশ্চিত করা আমাদের অন্যতম দায়িত্ব। কিন্তু শিক্ষার্থীরা যদি দুর্বৃত্ত দ্বারা হামলার শিকার হন, তা অত্যন্ত দুঃখজনক। পাশাপাশি আমাদের শিক্ষার্থীরা যদি দৈনন্দিন যাতায়াতে নিরাপত্তাহীনতায় ভোগেন, তা তাদের স্বাভাবিক জীবনকে ঝুঁকিতে ফেলে। এমন পরিস্থিতিতে উপাচার্য শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় জড়িতদের বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন। এ সময় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট পুলিশ প্রশাসন, আইন প্রয়োগকারী সংস্থাসহ স্থানীয় প্রশাসনের সহযোগিতা কামনা করেন।

৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) দপ্তর ও শাখা প্রধানদের অংশগ্রহণে 'বাংলাদেশে উচ্চশিক্ষার গুণগতমান শক্তিশালীকরণ: ইউজিসির কৌশলগত ভূমিকা' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১৪ জুলাই ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় তুরস্কের গাজিয়ানতেপ ইসলামিক সায়েন্স এন্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সোমবার (১৪ জুলাই ২০২৫) উপাচার্যের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে গাজিয়ানতেপ ইসলামিক সায়েন্স এন্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর সেহমোস দিমেইর।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মার্যাদায় জুলাই শহিদ দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে বুধবার (১৬ জুলাই ২০২৫) বিশ্ববিদ্যালয়ে শোক র‍্যালি, মিলাদ ও দোয়ার আয়োজন করা হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ।



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে ‘বাংলাদেশে সুশাসন ও জনপ্রশাসন: বাজার চাহিদার সঙ্গে দক্ষতা এবং শিক্ষার সমন্বয় সাধন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৭ জুলাই ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে ইন্টারন্যাশনাল সেমিনার অন ‘স্পেশিওটেম্পোরাল প্যাটার্ন অব ফিশ মাইগ্রেশন ইন কোস্টাল ইকোসিস্টেমস অব বাংলাদেশ’ শীর্ষক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৭ জুলাই ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এবং ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের যৌথ আয়োজনে সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ‘ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার (আইএমএস)’ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। তথ্যপ্রযুক্তি, প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রমের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বৃহস্পতিবার (১৭ জুলাই ২০২৫ বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়।



১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স বিভাগের নবম ব্যাচের বিদায় ও 'ইউ ফেইল্ড টু কিল আবরার ফাহাদ' প্রামাণ্যচিত্রের প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার (১৭ জুলাই ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। রোববার (২০ জুলাই ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক উক্ত কর্মসূচির উদ্বাধন করেন। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। এ সময় তারা বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহীদ রুহুল আমিন অডিটোরিয়ামের সম্মুখে দুটি দেবদারু বৃক্ষরোপণ করেন।



১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শ্রেণি প্রতিনিধি (সিআর), বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্লাব ও সংগঠনের সঙ্গে উপাচার্যের (রুটিন দায়িত্ব) মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২২ জুলাই ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয়ে জুলাই স্মরণ অনুষ্ঠানমালা বাস্তবায়নের লক্ষ্যে ওই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।




১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নেদারল্যান্ডসের আইএইচই ডেল্ফট ইনস্টিটিউট ফর ওয়াটার এডুকেশন পরিদর্শন করেছেন। মঙ্গলবার (২২ জুলাই ২০২৫) নেদারল্যান্ডস সফরকালে তিনি এ পরিদর্শন করেন। আইএইচই ডেল্ফট জাতিসংঘের ইউনেস্কোর অধীনে পরিচালিত বিশ্বের বৃহত্তম আন্তর্জাতিক স্নাতকোত্তর পর্যায়ের পানি বিষয়ক শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পরিচিত।




১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে নেদারল্যান্ডের ইনস্টিটিউট ফর ওয়াটার এডুকেশন (আইএইচই ডেল্ফট) এর সহযোগিতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২২ জুলাই ২০২৫) নেদারল্যান্ডের আইএইচই ডেল্ফট ইনস্টিটিউটে ওই সভা অনুষ্ঠিত হয়। সভায় নোবিপ্রবিরি পক্ষে প্রতিনিধিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে আইএইচই ডেল্ফট ইনস্টিটিউটের পক্ষে প্রতিনিধিত্ব করেন ইনস্টিটিউটের ইন্টিগ্রেটেড ওয়াটার সিস্টেমস্ এন্ড গভর্নেন্স বিভাগের সহযোগী অধ্যাপক ড. আইআর. লিওন এম. হারম্যান্স।



১৬. নেদারল্যান্ডসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব তারেক মুহাম্মদের সঙ্গে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল সৌজন্য সাক্ষাৎ করেছেন। মঙ্গলবার (২২ জুলাই ২০২৫) নেদারল্যান্ডসে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়।



১৭. নেদারল্যান্ডসের স্বনামধন্য ওয়াজেনিনজেন বিশ্ববিদ্যালয়ের সিনিয়র রিসার্চার ক্যাথেরিন টারভিস্কা ভ্যান শেলটিঙ্গার সঙ্গে একাডেমিক সভা করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বৃহস্পতিবার (২৪ জুলাই ২০২৫) ওয়াজেনিনজেন বিশ্ববিদ্যালয়ের ওয়াটার ম্যানেজমেন্ট ইন ডেল্টাস ইনস্টিটিউটে এ সভা অনুষ্ঠিত হয়।



১৮. নেদারল্যান্ডসের পানি ও পরিবেশ বিজ্ঞানের জন্য বিখ্যাত ডেল্টারেজ ইনস্টিটিউটের গবেষকদের সঙ্গে আয়োজিত যৌথ আলোচনা সভায় অংশ নিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। শুক্রবার (২৫ জুলাই ২০২৫) ডেল্টারেজ ইনস্টিটিউটে ওই সভা অনুষ্ঠিত হয়। এতে গবেষক ও স্পিকার হিসেবে ছিলেন নিশ্চল সারজু, শাহনূর হাসান, আমগাদ ওমর, বব স্মিটি ও টমাসো বোশেচ্চিটি। অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মোহিনুজ্জামান এবং পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক শাহরিয়ার মু. আরিফুর রহমান।



১৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) চ্যানেল আইয়ের উদ্যোগে বৃক্ষরোপণ ও শিক্ষার্থীদের মাঝে ১ হাজার ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (২৯ জুলাই ২০২৫) ‘প্রকৃতি ও জীবন ক্লাব’, নোয়াখালী জেলা শাখার আয়োজনে এ কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ।



২০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে ‘শিক্ষা ও গবেষণার মধ্যে সমন্বয়: সমস্যা ও সমাধানের দৃষ্টিভঙ্গি’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩০ জুলাই ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, আমি আশা করি আইকিউএসি'র আয়োজনে সারা বছরই প্রজেক্ট রাইটিং, টিচিং লার্নিংয়ের মত বিষয়গুলো নিয়ে এ ধরনের কার্যক্রম চলমান থাকবে।



২১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী জনাব ফয়েজ আহমেদ তৈয়্যবের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন। বুধবার (৩০ জুলাই ২০২৫) ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ে উভয়ের মাঝে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতকালে উপাচার্য প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীকে নোয়াখালীর বেগমগঞ্জ আইটি ইনকিউবেশন সেন্টার নোবিপ্রবির নিকট হস্তান্তর করার অনুরোধ জানান। এছাড়াও উপাচার্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে অগ্রগতি সম্পর্কে তাঁকে অবহিত করেন এবং তথ্য, প্রকৌশল ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে তাঁর সহযোগিতা কামনা করেন। এ সময় তিনি নোবিপ্রবি উপাচার্যকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিভিন্ন ক্ষেত্রে সহায়তার আশ্বাস প্রদান করেন।



২২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের ১৫ তম (ইএসডিএম ৯) ব্যাচের বিদায় অনুষ্ঠান আজ বৃহস্পতিবার ( ৩১ জুলাই ২০২৫) বীরশ্রেষ্ঠ শহিদ রুহুল আমিন অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। বিজ্ঞান অনুষদের ডিন ও ইএসডিএম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড.মোহাম্মদ মহিনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।




ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪